আমি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গেলাম যখন তাঁর জ্বর হয়েছিল। অতঃপর আমি তাঁকে স্পর্শ করলাম।

ইবনে মাসঊদ রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, আমি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর
নিকট গেলাম যখন তাঁর জ্বর হয়েছিল। অতঃপর আমি তাঁকে স্পর্শ করে বললাম, ‘আপনার প্রচণ্ড জ্বর এসেছে।’ তিনি বললেন, “হ্যাঁ, তোমাদের দু’জনের সমান আমার জ্বর হয়।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ইবনে মাসউদ রাদিয়াল্লাহু উল্লেখ করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোগের তীব্রতার কারণে কষ্ট করছিলেন তখন তিনি তার নিকট প্রবেশ করেন। তারপর তিনি হাত প্রসারিত করলেন এবং বললেন, হে আল্লাহর রাসূল আপনি রোগের কারণে কষ্ট পাচ্ছেন। তখন তিনি সংবাদ দেন যে, আমাদের মধ্যে দুইজন লোকের মতো তিনি কষ্ট পাচ্ছেন। আর তা ছিল যাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ধৈর্যের সবোর্চ্চ উন্নত স্তর লাভ করেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6010